দৈনিক ইনকিলাব

JUN 30 2002

তারিখ ..............
পৃষ্ঠা ...8... কলাম ...6...

# ঢাবি শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ সম্পর্কে গঠিত তদন্ত কমিটির আহবান

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ডঃ শেখ আব্দুস সালামের বিরুদ্ধে একই বিভাগের জনৈক ছাত্রীর অভিযোগ বা সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে কারো কোন তথ্য জানা থাকলে তা বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটির কাছে পাঠানোর আহবান জানানো হয়েছে। গতকাল (শনিবার) এক প্রেস বিজ্ঞপ্তিতে এ আহবান জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, ছাত্রীর আনীত অভিযোগকে কেন্দ্র করে বিভিন্ন সূত্রের বরাত দিয়ে পত্র-পত্রিকায় প্রকাশিত নানাবিধ খবর ও মন্তব্যের প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত এ সংক্রান্ত তদন্ত কমিটির দৃষ্টি আকৃষ্ট হয়েছে। সংশ্লিষ্ট বিষয়টি তদন্তাধীন থাকায় এ ধরনের খবর ও মন্তব্য পত্র-পত্রিকায় প্রকাশিত হলে তদন্ত প্রক্রিয়া ব্যাহত হওয়ার সম্ভাবনা থাকে। নানাবিধ সূত্র নির্ভর খবরাখবর ও মন্তব্য প্রকাশ না করে উক্ত বিষয় সম্পর্কে কারো কিছু জানা থাকলে সুষ্ঠু তদন্তের স্বার্থে তা তদন্ত কমিটিকে অবহিত করা বাঞ্ছনীয়। কাজেই সংশ্লিষ্ট বিষয় সম্পর্কে যদি কারো কোন তথ্য জানা থাকে তবে তা তদন্ত কমিটির সদস্যসচিব বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর নজরুল ইসলামের কাছে পাঠানোর আহবান জানানো হচ্ছে। একই সাথে, তদন্তকার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত এ সংক্রান্ত কোন মন্তব্য পত্র-পত্রিকায় প্রকাশ না করার অনুরোধ করা হয়েছে।